দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 14 APR 2016 ...
পৃষ্ঠা ২-৩ কলাম ... 2 ...

# নগরকান্দায় নববর্ষের ভাতা পেলেন না ৪৯৭ শিক্ষক

**নিজস্ব সংবাদদাতা, ফরিদপুর, ১৩ এপ্রিল ॥** নগরকান্দা উপজেলার ৮৪টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ৪৯৭ শিক্ষক তাদের বাংলা নববর্ষের উৎসব ভাতা পায়নি। সরকার ঘোষিত বাংলা নববর্ষের উৎসব ভাতা পহেলা বৈশাখের আগে বুধবার পর্যন্ত না পেয়ে হতাশায় বাড়ি ফিরলেন শিক্ষকরা।

জানা গেছে, পহেলা বৈশাখ উৎযাপন উপলক্ষে তাদের পাওনা উৎসব ভাতা উত্তোলনের জন্য ব্যাংকে চেক জমা দিয়ে শিক্ষকরা জানতে পারে তাদের ব্যাংক হিসাবে বুধবার পর্যন্ত কোন টাকা জমা হয়নি।

টাকা উত্তোলন করতে না পেরে শিক্ষকরা উপজেলা শিক্ষা কার্যালয় ও হিসাবরক্ষণ কার্যালয়ে খোঁজ নিয়েও কোন সমাধান পায়নি। নাম প্রকাশ না করার শর্তে এক শিক্ষক ক্ষোভ প্রকাশ করে বলেন, আমরা উৎসব ভাতা না পেলেও, আমাদের অফিসের কর্মকর্তারা ঠিকই তাদের ভাতা উত্তোলন করে নিয়েছেন।